REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২২শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৪৭ ইংরাজী 5th June 1940 | ৪র্থ সংখ্যা

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /১০ দুই পয়সা বাংসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।

সত্বর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার :—

শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট

কলিকাতা।




এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৷৵০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

নূতন বীমা

**৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর**

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চল্‌তি বীমা | ... | ১৬ কোটি | ৩৪ | লক্ষের | উপর |
| বীমা তহবিল | ... | ২ ,, | ৯৬ | লক্ষের | ,, |
| মোট সংস্থান | ... | ৩ ,, | ৩৬ | ,, | ,, |
| প্রিমিয়াম আয় | ... | ... ... | ৭৪ | ,, | ,, |
| দাবী শোধ | ... | ১ কোটি | ৮৫ | ,, | ,, |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

## স্যাঙো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশ সমস্তই স্যাঙো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

মহা সমর! মহা সমর!!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

**মুলজী সিক্কা এণ্ড কোং**

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

শাখাসমূহ :—২৬৪, ২৬৫, ২৬৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরাবগঞ্জ, মজফরপুর বি-এন-ডবলিউ-আর।

ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া (সি, পি) বি-এন-আর।

আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারা হিসাবে পাওয়া যায়।

দরের জন্য পত্র লিখুন।

## নোটিশ

রথযাত্রা উপলক্ষে পুরীধাম যাত্রিগণকে উপদেশ দেওয়া যায় যে তাঁহারা যেন নিকটস্থ সরকারী ডাক্তারখানা অথবা স্যানিটারী ইনস্পেক্টরের নিকট হইতে কলেরার প্রতিষেধক ইনজেক্‌শন লইয়া যান। ইনজেক্‌শনের সার্টিফিকেট লইতে ভুলিবেন না।

স্বাক্ষর—পি, সি, রায়
ডিষ্ট্রীক্ট হেল্‌থ অফিসার,
মুর্শিদাবাদ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২২শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৪৭ সাল

### আগমন

জঙ্গিপুরের সাবডেপুটী ম্যাজিষ্ট্রেট মৌলভী এনামুল কবীর সাহেব স্থানান্তরে বদলী হওয়ায় তাঁহার স্থানে শ্রীযুক্ত অনুভূতি ভট্টাচার্য্য মহাশয় কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নূতন সাবডেপুটী বাবুকে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি।

---

### যুদ্ধ-ভাণ্ডারে শস্য দান

রেওয়ার মহারাজা মহামান্য সম্রাটের প্রতিনিধির নিকট যুদ্ধ-ভাণ্ডারের নিমিত্ত একলক্ষ টাকা মূল্যের শস্য প্রদান করিয়াছেন; এতদ্ব্যতীত তিনি ষ্টেটের রশদ বহন-কারী সমগ্র খচ্চর-বাহিনীও মহামান্য বড়লাটের হস্তে ন্যস্ত করিয়াছেন।

---

### বাণিজ্য বিভাগে নূতন কন্ট্রোলার নিযুক্ত

বাঙলা সরকারের ডেপুটী সেক্রেটারী মিঃ এস, এন, রায়, আই-সি-এস ভারত সরকারের বাণিজ্য বিভাগের অধীনে কলিকাতাস্থ শস্যপক্ষীয় ব্যবসায়ের কন্ট্রোলার নিযুক্ত হইয়াছেন। তিনি তাঁহার নূতন কার্য্যে ইতিমধ্যেই যোগদান করিয়াছেন।

---

### বাঙলা সরকারের ডেপুটী সেক্রেটারী

ত্রিপুরার জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ এম, কে, কৃপালনী আই-সি-এস বাঙলা সরকারের অর্থ বিভাগের ডেপুটী সেক্রেটারী নিযুক্ত হইয়াছেন।

---

### শান্তিনিকেতনে টেলিফোন ব্যবস্থা

শান্তি-নিকেতনে ট্রাঙ্ক টেলিফোন ব্যবস্থা প্রবর্ত্তিত হইয়াছে। সংশ্লিষ্ট কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক উহার কাজ ইতিপূর্ব্বেই সুরু হইয়াছে।

---

### মৃৎ-শিল্প শিক্ষাদানের ব্যবস্থা

শিল্প-বিভাগের উদ্যম

বাঙলা দেশের মধ্যবিত্ত শ্রেণীর যুবকগণের বেকার সমস্যা সমাধানের পরিকল্পনা উন্নয়নকল্পে বাঙলার গভর্ণমেণ্টের শিল্প বিভাগ মৃৎ-শিল্পজাত দ্রব্যাদি প্রস্তুত কার্য্যে ট্রেণিং দেওয়ার জন্য আর একদল শিক্ষার্থী ভর্ত্তি করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। এই শিল্প কার্য্যে ৮ মাস সময় প্রয়োজন হইবে। কলিকাতার ইটালী অঞ্চলস্থিত ক্যানাল সাউথ রোডে শিল্প গবেষণা রসায়নাগারে এই ট্রেণিং দেওয়া হইবে। এই ট্রেণিং শুধু ঐ সমুদয় বেকার বাঙালী যুবকদিগকে দেওয়া হইবে, যাহারা শিক্ষা শেষ হইলে এই শিল্পকেই জীবিকা অর্জ্জনের উপায় স্বরূপে গ্রহণ করিবে। এই শিক্ষাগ্রহণে ভর্ত্তি হওয়ার জন্য ১৯৪০ সনের ১৫ই জুনের মধ্যে কলিকাতা, ৭নং কাউন্সিল হাউস ষ্ট্রীটে শিল্প বিভাগের ডিরেক্টর মহোদয়ের নিকট প্রার্থীগণকে দরখাস্ত করিতে হইবে।

---

### সৈন্যবিভাগে বাঙালী গোলন্দাজ

বাঙালীর গোলন্দাজ বাহিনীর প্রথম দলে ইতিমধ্যেই বহু লোক গ্রহণ করা হইয়াছে। ভর্ত্তি হইবার যোগ্যতা নিম্নরূপ বলিয়া ঘোষিত হইয়াছে :—

(ক) বয়স ১৮ হইতে ২৩ বৎসর, (খ) নূনতম উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চি, (গ) ওজন ১২৩ পাউণ্ড, (ঘ) বুকের ঘেরা ৩৪৷৹ ইঞ্চি (ফুলাইলে), (ঙ) ইংরাজী জ্ঞান—হাইস্কুলের ৮ম শ্রেণী বা চলনসই ইংরাজী জ্ঞান, (চ) ভাল স্বাস্থ্য, (ছ) ভাল দৃষ্টিশক্তি।

---

## ইউরোপীয় যুদ্ধের পরিস্থিতি

( বাঙলার কথা হইতে সঙ্কলিত )

### দেড় লক্ষ জার্ম্মাণ সৈন্য হতাহত

২০শে মে জার্ম্মাণ বেতারে বলা হয় যে বর্ত্তমান অভিযানে ১,৪০,০০০ জার্ম্মাণ সৈন্য হতাহত হইয়াছে।

জার্ম্মাণ সংবাদপত্রে বলা হইতেছে যে, বহু লোক হতাহত হইবে বলিয়া ধরিয়া রাখিতে হইবে। ইহা হইতে পশ্চিম রণাঙ্গনে যুদ্ধ সম্পর্কে নাৎসীদের উৎকণ্ঠা বোঝা যায়।

### বৃটিশ ক্রুজার ধ্বংস

২১শে মে নৌ-বিভাগ হইতে ঘোষণা করা হইয়াছে যে নরউইজান উপকূলের অদূরে আক্রমণ চালানোর সময় একটি অজানা পাহাড়ে ধাক্কা লাগিয়া বৃটিশ ক্রুজার 'এফিংহাম' ধ্বংস হইয়াছে।

### মাইন স্থাপনকারী বৃটিশ জাহাজ জলমগ্ন

নৌ-দপ্তর হইতে ঘোষিত হইয়াছে যে, মাইন-স্থাপনকারী জাহাজ "প্রিন্সেস ভিক্টোরিয়া" শত্রুপক্ষের মাইনের আঘাতে জলমগ্ন হইয়াছে। জাহাজের কম্যাণ্ডিং অফিসার, দুইজন অফিসার এবং ৩১ জন নাবিকের সন্ধান মিলিতেছে না। সম্ভবতঃ তাহারা জলমগ্ন হইয়া প্রাণ হারাইয়াছে।

### বিনাযুদ্ধে লাঁও দখল

২১শে মে ফরাসী সমর বিভাগের জনৈক মুখপাত্র বলেন যে, ফরাসী সৈন্যগণ লাঁও ত্যাগ করিয়া গিয়াছে এবং জার্ম্মাণরা বিনা যুদ্ধে উহা দখল করিয়াছে। জার্ম্মাণদের আইনে নদী অতিক্রম করার চেষ্টা এবং মণ্টমেডিতে তাহারা যে আক্রমণ চালায়, তাহা ব্যর্থ করা হইয়াছে।

### বৃটিশ বিমানবাহিনীর কৃতিত্ব

বিমান দপ্তরের এক সংবাদে বলা হইয়াছে যে, ২০শে মে সমস্ত রাত্রি বৃটিশ বিমান-বহর আরাস, বাপোম, সেণ্টকোয়েন্টীন এবং সামব্রি রণক্ষেত্রে জার্ম্মাণ বাহিনীর উপর বারম্বার আক্রমণ চালায়। ট্যাঙ্ক, সাঁজোয়া গাড়ী, সৈন্যবাহী গাড়ী প্রভৃতির উপর প্রচণ্ডভাবে আক্রমণ চালান হয়। কতকগুলি বোমারু বিমান এক মাইল দীর্ঘ সৈন্যবাহী মোটর শ্রেণীর উপর বোমা বর্ষণ করে। লুভিয়ন বনে শত্রুপক্ষীয় সৈন্য চলাচল টের পাইয়া একটী বিমান কয়েকটি বোমা ছাড়ে এবং অল্প কয়েক মিনিটের মধ্যে সমস্ত বন জুড়িয়া আগুন লাগিয়া যায়। ল্য-চেতুয়ের নিকট সৈন্যবাহী বড় বড় কতকগুলি লরীর উপর আক্রমণ চালান হয় এবং তাহাদের বিশৃঙ্খলার সুযোগে মেশিন গানের গোলা বর্ষণে তাহাদিগকে নিশ্চিহ্ন করিয়া ফেলা হয়।

### একখানি বৃটিশ ট্রলার জলমগ্ন

নৌ-বিভাগ হইতে ঘোষণা করা হইয়াছে যে, শত্রুপক্ষ কর্ত্তৃক বোমা বর্ষণের ফলে "রিফসননেস" নামক একখানি ট্রলার জলমগ্ন হইয়াছে। তিন জন হতাহত হইয়াছে।

### বৃটিশ বাহিনীর বিপুল বিক্রম

২৩শে মে যে সব খবর আসিয়াছে এবং এ পর্য্যন্ত যে সামান্য বিবরণ পাওয়া গিয়াছে, তাহাতে জানা যায় যে, বৃটিশ সৈন্যগণ প্রচণ্ড বিক্রমে যুদ্ধ করিতেছে। তাহারা চারশত জার্ম্মাণকে বন্দী করে এবং অনুমান তিনশত জার্ম্মাণ নিহত হয়। তদুপরি বৃটিশবাহিনী শত্রুপক্ষের বহু সংখ্যক ট্যাঙ্কও ধ্বংস করে। জার্ম্মাণীর মেকানাইজড বাহিনী ঠিক কোন্ কোন্ স্থানে পৌছিয়াছে, তাহা সঠিক বলা সম্ভবপর নহে। সম্ভবতঃ তাহারা প্রচণ্ডবেগে একটী স্থানে প্রবেশ করে এবং কিছুকাল থাকিয়া পুনরায় তথা হইতে চলিয়া যায় এবং এই দাবী করে যে, উহা তাহাদের করতলগত হইয়াছে। লণ্ডনে যতদূর সংবাদ আসিয়াছে, তাহাতে জানা যায় যে, এখনও পর্য্যন্ত ব্যাপকভাবে পাল্টা আক্রমণ সুরু হয় নাই। ইংলিশ চ্যানালের তীরবর্ত্তী বন্দরসমূহের উপর প্রচণ্ড বোমা বর্ষণ করা হইয়াছে সত্য, তবে ঐ সব বন্দর ব্যবহারের অনুপযোগী হইয়া পড়ে নাই। মাঝে মাঝে ঐ সব বন্দর ব্যবহার করা হইতেছে।

### বেলজিয়ানদের সাফল্য

লণ্ডনে প্রকাশ যে, ফ্রান্সে বৃটিশ বাহিনীর ব্যূহ রণাঙ্গনের সর্ব্বত্র অটুট আছে। বৃটিশ বাহিনীর সৈন্যও বেশী হতাহত হয় নাই। আরাস ও দুয়ের মধ্যে ইংরাজরা পাল্টা আক্রমণ করে; কিন্তু ফলাফল জানা যায় নাই। যে জার্ম্মাণ সৈন্যেরা শেল্‌ড্ নদী অতিক্রম করে, বেলজিয়ানরা দুইস্থানে তাহাদিগকে পাল্টা আক্রমণ করে। উভয় আক্রমণই সফল হয়।

### বৃটেনে অতিরিক্ত সৈন্যদল গঠন

সমর বিভাগ হইতে ঘোষণা করা হইয়াছে যে, বৃটেনে বিশেষ কার্য্যের জন্য কয়েকটী অতিরিক্ত দেশরক্ষী সৈন্যদল গঠনের সিদ্ধান্ত করা হইয়াছে। ১৮ হইতে ১৯৷ বৎসর বয়স্ক যুবকদিগকে ইহাতে লওয়া হইবে। তাহাদের বয়স ২০ বৎসর পূর্ণ হইলে তাহাদিগকে সামরিক শিক্ষার জন্য প্রেরণ করা হইবে। সমর সম্ভার, জাহাজ নির্ম্মাণ প্রভৃতি কার্য্যে নিযুক্ত ব্যক্তিগণকে কাজে নিযুক্ত থাকিতে বলা হইয়াছে।

### জার্ম্মাণ সম্রাটের পৌত্র নিহত

ঘোষণা করা হইয়াছে যে, ভূতপূর্ব্ব জার্ম্মাণ ক্রাউন-প্রিন্সের জ্যেষ্ঠ পুত্র প্রিন্স উইলহেম মৃত্যুমুখে পতিত হইয়াছেন। পশ্চিম রণক্ষেত্রে যুদ্ধের সময় তিনি আহত হইয়াছিলেন এবং ঐ আঘাতের ফলেই তাঁহার মৃত্যু ঘটিয়াছে।

প্রিন্স উইলহেম একটী পদাতিক বাহিনীর লেফট্‌ন্যাণ্ট ও নেতা ছিলেন।

### চ্যানেল বন্দরসমূহ রক্ষায় ফরাসী সৈন্যদের বীরত্ব

প্যারিসের সামরিক মহলের মতে, ফরাসী সেনারা এখনও দৃঢ়তার সহিত ক্যালে, ডানকার্ক, অষ্টিণ্ড ও জীব্রুজী বন্দর রক্ষা করিতেছে।


ভ্যালেন্সিয়েনেসের উভয় পার্শ্বে সারাদিন প্রচণ্ড যুদ্ধ চলে। ২৭শে মে সকালে জার্ম্মাণগণ দুই দফা প্রচণ্ড আক্রমণ চালায়।



সকল প্রকার গ্রামোফোন
মেসিন ও রেকর্ড
নিম্নলিখিত ঠিকানায় পাওয়া যায়।

ডি, পি, গাঙ্গুলী
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।








বেঙ্গল হোমিও
কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।






## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৶০ ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।



## মৃতের জীবন ঃ—ভাইট্যালী—

বহুবিধ রোগনাশক
জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি **মরা মানুষ বাঁচাইতে** পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার (জীবনীশক্তি) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৴০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৶০

প্রাপ্তিস্থান **ডাঃ বি রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা



## সাধনা ঔষধালয়—ঢাকা
বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী
এম-এ, এফ-সি-এস (লণ্ডন), এম-এস-সি (আমেরিকা)
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক (প্রফেসার)

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।